# বিষয়:ব্যঞ্জনসন্ধি
# B.A 1st Semester Programm MIL

Powerpoint Presented by
Madhumita Pal
SACT-II

ব্যঞ্জনসন্ধি কাকে বলে, ব্যঞ্জনসন্ধির বিভিন্ন নিয়ম ও সূত্র। এখানে আপনাদের সাহায্যার্থে ব্যঞ্জনসন্ধির পুরো বিষয়টিকে খুব সহজভাবে তুলে ধরতে চাইছি, যাতে খুব সহজে আপনাদের বোধগম্য হয়। সংস্কৃত ব্যঞ্জনসন্ধি

## ব্যঞ্জনসন্ধি কাকে বলে

ব্যঞ্জনবর্ণের সঙ্গে স্বরবর্ণের কিংবা ব্যঞ্জনবর্ণের সঙ্গে বাঞ্জনবর্ণের মিলনে যে সন্ধি হয়ে থাকে, তাকে ব্যঞ্জনসন্ধি বলে। যথা—

| সন্ধি বিচ্ছেদ পদ | সন্ধিবদ্ধ পদ |
|---|---|
| দিক্ + অন্তঃ | দিগন্তঃ |
| মহৎ + চক্রম্ | মহচ্চক্রম্ |
| রাজ্ + নী | রাজ্ঞী |
| প্রাক্ + এব | প্রাগেব |
| হসন্ + আগতঃ | হসন্নাগতঃ |
| ষট্ + আননঃ | ষড়াননঃ |

# ব্যঞ্জনসন্ধির নিয়ম

সংস্কৃত ব্যঞ্জনসন্ধি । ব্যঞ্জনসন্ধির নিয়মগুলি ভেঙে ভেঙে আলোচনা করা হলো। বিভিন্ন ক্ষেত্রে তার উদাহরণগুলি দেওয়া হল।

1)ত্ ও দ্ এর পর চ্ কিংবা ছ্ থাকলে পূর্ববর্তী ত্ ও দ্ স্থানে চ্ হয়। যথা-

- মহৎ + চরিত্রম্ = মহচ্চরিত্রম্
- সৎ + চরিত্রম্ = সচ্চরিত্রম্
- শরৎ + চন্দ্রঃ = শরচ্চন্দ্রঃ
- চলৎ + চিত্রম্ = চলচ্চিত্রম্
- বিপদ্ + চয়ঃ = বিপচ্চয়ঃ
- অসৎ + চিন্তা = অসচ্চিন্তা
- উৎ + চারণম্ = উচ্চারণম্
- উৎ + ছেদঃ = উচ্ছেদঃ
- মহৎ + ছত্রম্ = মহচ্ছত্রম্
- তদ্ + ছবিঃ = তচ্ছবিঃ
- এতদ্ + ছায়া = এতচ্ছায়া

2) ত্ ও দ্ এর পর জ্ ও ঝ্ থাকলে পূর্ববর্তী ত্ দ্ স্থানে জ্ হয়। যথা—

- উৎ + জ্বলঃ = উজ্জ্বলঃ
- যাবৎ + জীবনম্ = যাবজ্জীবনম্
- তদ্ + জন্যঃ = তজ্জন্যঃ
- বিপদ্ + জালম্ = বিপজ্জালম্
- তদ্ + ঝঙ্কারঃ = তজ্ঝঙ্কারঃ
- মহৎ + ঝঞ্জনম্ = মহজ্ঝঞ্জনম্
- কুৎ + ঝটিকা = কুজ্ঝটিকা
- তদ্ + ঝনৎকারঃ = তজ্ঝনৎকারঃ।

3) ন্ এর পর জ্ কিংবা ঝ্ থাকলে পূর্ববর্তী ন্ স্থানে ঞ্ হয়। যথা-

- মহান্ + জয়ঃ = মহাঞ্জয়ঃ
- ভবান্ + জীবতু = ভবাঞ্জীবতু
- উদ্যন্ + ঝঙ্কারঃ = উদ্যজ্ঝঙ্কারঃ
- গচ্ছন্ + ঝটিতি = গচ্ছঞ্ঝটিতি

4) পদের অন্তস্থিত ত্ কার কিংবা দ্-কারের পর শ্ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ এবং শ্ স্থানে ছ্ হয়। যথা-

- তৎ + শৃণোতি = তচ্ছৃণোতি
- তৎ + শ্রুত্বা = তচ্ছ্রউত্বআ
- চলৎ + শক্তিঃ = চলচ্ছক্তিঃ
- উৎ + শ্বাসঃ = উচ্ছ্বআসঃ
- উৎ + শৃঙ্খলঃ=উচ্ছৃঙ্খলঃ
- মহৎ + শকটম্ = মহচ্ছকটম্
- তদ্ + শরীরম্ = তচ্ছরীরম্
- এতদ্ + শকাব্দীয়ম্ = এতচ্ছকাব্দীয়ম্

5) পদের অন্তস্থিত ন্-কারের পর শ থাকলে ন্ স্থানে ঞ্ এবং শ্ স্থানে বিকল্পে ছ্ হয়। যথা-

- মহান্ + শব্দঃ = মহাঞ্শব্দঃ, মহাঞ্ছব্দঃ
- ধাবন্ + শশঃ = ধাবঞ্শশঃ, ধাবঞ্ছশঃ
- সন্ + শম্ভুঃ = সঞ্শম্ভু, সঞ্ছম্ভু

6) পদের অন্তস্থিত ত্-কার কিংবা দ্-কারের পর হ্ থাকলে ত্ ও দ্ স্থানে দ্ এবং হ্ স্থানে বিকল্পে ধ্ হয়। যথা —

- উৎ + হতঃ = উদ্ধতঃ
- উৎ + হৃতম্ = উদ্ধৃতম্
- উৎ + হারঃ = উদ্ধারঃ

7) চ্ কিংবা জ্-এর পর ন্ থাকলে ঐ ন্ স্থানে ঞ্ হয়। যথা—

- যাচ্ + না = যাচ্ঞা
- রাজ্ + নী = রাজ্ঞী
- রাজ্ + না = রাজ্ঞা
- যজ্ + নঃ = যজ্ঞঃ

৪) ট্ কিংবা ঠ্ পরে থাকলে পূর্ববর্তী ত্ ও দ্ স্থানে ট্ হয়। যথা—

- তদ্ + টীকা = তট্টীকা
- সৎ + ঠক্কুরঃ = সট্ঠক্কুরঃ
- তদ্ + ঠক্কুরঃ = তট্ঠক্কুরঃ
- এতদ্ + ঠক্কুরঃ = এতট্ঠক্কুরঃ

9) ড্ কিংবা ঢ্ পরে থাকলে পূর্ববর্তী ত্ ও দ্ স্থানে ড্ হয়। যথা—

- উৎ + ডীনঃ = উড্ডীনঃ
- বৃহৎ + ঢক্কা = বৃহড্ঢক্কা
- উৎ + ঢৌকতে = উড্ঢৌকতে
- তদ্ + ডমরুঃ=তড্ডমরুঃ
- এতদ্ + ঢালম্ = এতড্ঢালম্

10) ড্ কিংবা ঢ্ পরে থাকলে পূর্ববর্তী ন্ স্থানে ণ্ হয়। যথা—

- মহান্ + ডামরঃ = মহাণ্ডামরঃ
- নদন্ + ঢক্কাম্ = নদণ্ঢক্কাম্
- রাজন্ + ঢৌকসে = রাজণ্ঢৌকসে

11) ল্ পরে থাকলে পূর্ববর্তী ত্, দ্ ও ন্ স্থানে ল্ হয়। আর ন্-কার স্থানে ল্-কার হলে পূর্বস্বর চন্দ্রবিন্দুযুক্ত হয়। যথা—

- উৎ + লেখঃ = উল্লেখঃ
- বৃহৎ + ললাটম্ = বৃহল্ললাটম্
- উৎ + লাসঃ = উল্লাসঃ
- উৎ + লঙ্ঘনম্ = উল্লঙ্ঘনম্
- তদ্ + লীলা = তল্লীলা
- তদ্ + লাভঃ = তল্লাভঃ
- মহান্ + লাভঃ = মহাঁল্লাভঃ
- বিদ্বান্ + লিখতি = বিদ্বাঁল্লিখতি
- ভবান্ + লভতে = ভবাঁল্লভতে

12) স্বরবর্ণ পরে থাকলে পদের অন্তস্থিত হ্রস্বস্বরের পরবর্তী ন্-কারের দ্বিত্ব হয়। যথা—

- ধাবন্ + অশ্বঃ = ধাবন্নশ্বঃ
- ধাবন্ + আগচ্ছতি = ধাবন্নাগচ্ছতি

13) চ্ কিংবা ছ্ পরে থাকলে পদের অন্তস্থিত ন্ স্থানে ং হয় এবং চ্ ও ছ্ স্থানে শ্চ্ ও শ্ছ্ হয়। যথা—

- হসন্ + চলতি = হসংশ্চলতি
- প্রাণান্ + এ = প্রাণাংশ্চ
- ধাবন্ + ছাগঃ = ধাবংশ্ছাগঃ

14) ট্ কিংবা ঠ্ পরে থাকলে পদের অন্তস্থিত ন্ স্থানে ং হয় এবং ট্ ও ঠ্ স্থানে যথাক্রমে ষ্ট ও ষ্ঠ হয়। যথা—

- চলন্ + টলতি = চলংষ্টলতি
- চলন্ + টিট্টিভঃ = চলংষ্টিট্টিভঃ
- মহান্ + ঠক্কুরঃ = মহাংষ্ঠক্কুরঃ

15) ত্ কিংবা থ্ পরে থাকলে পদের অন্তস্থিত ন্ স্থানে ং হয় এবং ত্ ও থ স্থানে যথাক্রমে স্ত ও স্থ হয়। যথা—

- পতন্ + তরু = পতংস্তরুঃ
- তান্ + তান্ = তাংস্তান্
- ক্ষিপন্ + থুৎকারঃ = ক্ষিপংস্থুৎকারঃ

16) ত্ পরে থাকলে পদমধ্যস্থিত ম্ স্থানে ন্ হয়। যথা—

- গম্ +তা=গন্তা
- শাম্+তঃ=শান্তঃ
- গম্ + তব্যঃ=গন্তব্যঃ

১৭। অন্তঃস্থ বর্ণ (য র ল ব) কিংবা উষ্মবর্ণ (শ্ স্ স্ হ্) পরে থাকলে পদের অন্তস্থিত ম্ স্থানে ং অনুস্বার হয়। যথা—

- তীর্থম্ +যাতি = তীর্থং যাতি
- করুণম্ + রোদিতি = করুণং রোদিতি
- বিদ্যাম্ + লভতে=বিদ্যাং লভতে
- শয্যায়াম্ + শেতে = শয্যায়াং শেতে
- কষ্টম্ + সহতে = কষ্টং সহতে
- মধুরম্ + হসতি= মধুরং হসতি
- সম্ +শয়ঃ = সংশষঃ

18) স্পর্শবর্ণ পরে থাকলে পদের অন্তস্থিত ম্ স্থানে ং অনুস্বার হয় অথবা যে ব্লগের বর্ণ পরে থাকে, বিকল্পে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা—

- কিম্ + করোসি = কিং করোষি, কিঙ্করোষি
- গৃহম্ + গচ্ছ = গৃহং গচ্ছ, গৃহঙ্গচ্ছ।

19) ) হ্রস্বস্বরের পরে ছ্ থাকলে পূর্ববর্তী হ্রস্বস্বরের পর চ্-এর আগম হয় এবং চ্ ও ছ্ মিলে চ্ছ্ হয়। যথা—

- পরি+ছদঃ=পরিচ্ছদঃ
- বি+ ছেদঃ=বিচ্ছেদ
- বৃক্ষ + ছায়া = বৃক্ষচ্ছায়া
- পূর্ণ + ছেদঃ=পূর্ণচ্ছেদঃ

19) ) হ্রস্বস্বরের পরে ছ্ থাকলে পূর্ববর্তী হ্রস্বস্বরের পর চ্-এর আগম হয় এবং চ্ ও ছ্ মিলে চ্ছ্ হয়। যথা—

- পরি+ছদঃ=পরিচ্ছদঃ
- বি+ ছেদঃ=বিচ্ছেদ
- বৃক্ষ + ছায়া = বৃক্ষচ্ছায়া
- পূর্ণ + ছেদঃ=পূর্ণচ্ছেদঃ
- পরি + ছেদঃ =পরিচ্ছেদঃ
- গৃহ + ছিদ্রম্ = গৃহচ্ছিদ্র।

20) স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ বর্ণ অথবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকলে পদের অন্তস্থিত ক্ স্থানে গ্, চ্ স্থানে জ্, ট্ স্থানে ড্ এবং প্ স্থানে ব্ হয়। যথা—

- দিক্ + অন্তঃ=দিগন্তঃ
- বাক্+ঈশঃ=বাগীশঃ
- বাক্+আড়ম্বরঃ= বাগাড়ম্বরঃ
- দিক্ + গজঃ = দিগ্গজঃ
- বাক্ + জালম্ = বাগ্জালম্
- দিক্ + ভাগঃ=দিগ্ভাগঃ
- ধিক্ +যাচকম্ = ধিগ্যাচকম্
- বাক্ + রোধঃ=বাগ্রোধঃ
- সম্যক্ + বদতি = সমাগবদতি
- ধিক্ + লোভিনম্= ধিগ্লোভিনম্
- দিক্ + হস্তী=দিগ্হস্তী
- ণিচ্ + অন্তঃ= নিজন্তঃ

21) ন্ কিংবা ম্ পরে থাকলে পদের অন্তস্থিত বর্গের প্রথম বর্ণ স্থানে সেই বর্গের পঞ্চম বর্ণ কিংবা বিকল্পে তৃতীয় বর্ণ হয়। যথা—

- দিক্ + নাগঃ = দিঙনাগঃ, দিগ্নাগঃ
- জগৎ+নাথঃ = জগন্নাথঃ, জগনাথঃ
- প্রাক্ + মুখঃ = প্রাঙ্মুখঃ, প্রাগ্মুখঃ
- ভবৎ+ মতম্ = ভন্মতম্, ভবদ্মতম্

কিন্তু 'মাত্র' শব্দ এবং 'ময়ট্' প্রত্যয় পরে থাকলে কেবল সেই বর্গের পঞ্চম বর্ণই হয়, তৃতীয় বর্ণ হয় না। যথা—

- চিৎ + ময়ঃ = চিন্ময়ঃ
- বাক্ + ময়ঃ = বাঙ্ময়ঃ
- মৃৎ + ময়ঃ = মৃন্ময়ঃ
- অপ্ + মাত্রম্ = অম্মআত্রম্

22) উৎ উপসর্গের পরস্থিত স্থা ও স্তম্ভ ধাতুর দন্ত্য স্-এর লোপ হয়। যথা —

- উৎ+ স্থানম্ =উত্থানম্
- উৎ+স্তম্ভনম্=উত্তস্তনম্

24) ত্-কার ও দ্-কারের পরে স্বরবর্ণ অথবা গ্ দ্ ধ্ ব্ ভ্ য্ র্ ব্ পরে থাকলে পদের অন্তস্থিত ত্ স্থানে স্ হয়। যথা —

- জগৎ + অন্তঃ = জগদন্তঃ
- জগৎ + ইন্দ্রঃ=জগদিন্দ্রঃ
- জগৎ + আদিঃ= জগদাদিঃ
- জগৎ + ঈশঃ = জগদীশঃ
- ভবৎ + উক্তম্ = ভবদুক্তম্
- জগৎ + এতদ্ = জগদেতদ্
- মহৎ + ঐশ্বর্যম = মহদৈশ্বর্যম্
- মহৎ + ঘটঃ = মহদ্ঘটঃ
- বৃহৎ + গহনম্ = বৃহদ্গহনম্
- ভবৎ + দর্শনম্ = ভবদ্দর্শনম্
- মহৎ + ধনুঃ = মহদ্ধনুঃ
- জগৎ + বন্ধুঃ = জগদ্বন্ধুঃ
- মহৎ + ভয়ম = মহদ্ভয়ম্
- উৎ+ যোগঃ=উদ্‌যোগঃ (উদ্যোগঃ)
- বৃহৎ + রথঃ = বৃহদ্রথঃ
- মহৎ + বনম = মহদ্বনম্

25) তৎ ও বৃহৎ শব্দের পর ‘কর’ বা ‘পতি’ শব্দ থাকলে এবং যথাক্রমে ‘চোর’ ও ‘দেবতা’ অর্থ বোঝালে ত্-কারের লোপ হয় এবং স্-কারের আগম হয়। যথা –

- তৎ + করঃ = তস্করঃ
- বৃহৎ + পতি = বৃহস্পতি

26) ‘পদ’ শব্দ পরে থাকলে ‘আ’ ও ‘গো’ শব্দের পর স্-কারের আগম হয়। যথা –

- গো + পদম্ = গোষ্পদম্
- আ + পদম্ = আস্পদম্

# ধন্যবাদ

উপস্থাপনাটি অনুধাবন করার জন্য।